# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶আব্দুল করিম স্ত্রী ও দুই কন্যা নিয়ে কমলাপুর বস্তিতে থাকেন। কুলির কাজ করে তিনি যা আয় করেন তা নিয়ে পরিবার নিয়ে খেয়ে না খেয়ে দিন কাটান। চাহিদামাফিক খাবার খেতে না পেয়ে তার পরিবারের সবাই বিভিন্ন অসুখ-বিসুখে ভুগছে।

ক. মৌল মানবিক চাহিদা কয়টি ও কী কী? ১

খ. মানবিক চাহিদা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মৌল মানবিক চাহিদাটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. মৌলমানবিক চাহিদা কীভাবে পরস্পর সম্পর্কিত হতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶মুন্নি বিনা চিকিৎসায় মরতে বসেছিল। সমাজকর্মী অনন্যা তাকে ঢাকা মেডিকেলে ভর্তি করিয়ে দেন। তার সহায়তায় বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা হয় মুন্নির। অনন্যা ওখানকার সমাজসেবা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অফিসার । তাই এ কাজটি করতে তাকে মোটেও বেগ পেতে হয়নি। তাছাড়া মাধবীকে পুনর্বাসিত করারও উদ্যোগ নিয়েছেন তিনি।

ক. কোথায় প্রথম চিকিৎসা সমাজকর্মের প্রয়োগ করা হয়? ১

খ. শিল্প সমাজকর্ম বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত অনন্যা প্রদত্ত সেবাটি সরকারি কোন কর্মসূচির অন্তর্ভুক্ত? বাংলাদেশে এ প্রকল্পের কার্যক্রমগুলো কী কী? ৩

ঘ. সমাজকর্মী হিসেবে অনন্যা উক্ত সেবার ক্ষেত্রে কী কী ভূমিকা পালন করতে পারেন? পাঠ্যবইয়ের আলোকে তুলে ধর। ৪

৩.▶গনি মিয়া দরিদ্র পরিবারে জন্ম নিয়ে কোনো লেখাপড়া করতে না পেরে দিনমজুরের কাজ করেন। ১৮ বছর বয়সে তিনি ১৫ বছরের জামিলাকে বিয়ে করেন। বৈবাহিক জীবনে তারা ৫টি মেয়ে ও ১টি ছেলে সন্তানের জনক ও জননী হন। গনি মিয়া ছেলে সন্তানের আশায় ও বার্ধক্যে ছেলেরাই খাওয়া-পরা দেবে মনে করে একের পর এক সন্তান নিতে থাকেন। কিন্তু বন্যা, নদীভাঙন, স্বল্প আয়, প্রভৃতি অবস্থার সাথে তাদের সংসারে কোনো দিনই অভাব দূর হয় না। ফলে পরিবারের সদস্যরা খাদ্য, বস্ত্র, আবাসন সংকট ও রোগ-ব্যাধিতে ভোগে এবং সন্তানদের ঠিকমতো স্কুলে পাঠানো সম্ভব হয় না।

ক. সামাজিক সমস্যা কী? ১

খ. অটিজম বলতে কী বোঝ? ২

http://teachingbd.com

গ. "গনি মিয়ার জীবনে বহুমুখী সমস্যা পরস্পর ক্রমাগতভাবে প্রতিক্রিয়া সৃষ্টি করেছে"— ব্যাখ্যা কর। ৩

ঘ. "সামাজিক সমস্যার কারণ একটি নয়, বরং বহুমুখী" উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৪

**৪.** ▶ কলি এমন এক ক্ষুদ্রতম মৌলিক প্রতিষ্ঠান সম্পর্কে আলোচনা করছে, যাকে কেন্দ্র করে মানবসমাজ গড়ে উঠেছে। প্রতিষ্ঠানটি তার সদস্যদের মৌলিক চাহিদা পূরণ, সামাজিকীকরণ, শিক্ষাদান, মনস্তাত্ত্বিক সমর্থন এবং নিরাপত্তাদান করে সুন্দর সমাজ বিনির্মাণে অনন্য সাধারণ অবদান রাখছে। কিন্তু এ প্রতিষ্ঠানটির কাঠামো দিন দিন পরিবর্তন হচ্ছে, যা আমাদের জন্য ভালো হবে না বলে সমাজকর্মীরা মনে করেন।

ক. সামাজিক প্রতিষ্ঠানের দুটি উদাহরণ দাও। ১

খ. ধর্ম মানুষকে কীভাবে অপরাধমূলক কর্মকাণ্ড থেকে বিরত রাখে? ২

গ. কলি কোন প্রতিষ্ঠান সম্পর্কে আলোচনা করছে? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির কাঠামোগত পরিবর্তনে কী ধরনের সমস্যার সৃষ্টি হতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৫.** ▶ জনাব আলমগীরের ৮ বছরের ছেলে রিফাতকে তার পাড়ার কয়েকটি ছেলে ডেকে নিয়ে আটক করে তার বাবার কাছে পাঁচ লাখ টাকা দাবি করে। জনাব আলমগীর সংবাদটি আইনশৃঙ্খলা বাহিনীকে জানালে তারা অভিযান চালিয়ে রিফাতকে উদ্ধার করে এবং ছেলেগুলোকে গ্রেফতার করে।

ক. শিশু কারা? ১

খ. সামাজিক আইন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে রিফাতকে সুরক্ষার জন্য কী আইন রয়েছে ধারণা দাও? ৩

ঘ. তুমি কি মনে কর, আইন অনুযায়ী উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে যে বিধান আছে তা যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬.** ▶ ১৩ বছর বয়সী রহিমা একটি বাড়িতে গৃহকর্মী হিসেবে কাজ করত। নানা কারণে তাকে বাসার গৃহকর্ত্রী বিভিন্নভাবে শারীরিক নির্যাতন করত। একদিন সইতে না পেরে রহিমা গৃহকর্ত্রীকে কুপিয়ে হত্যা করে। রহিমা আদালতে দোষী সাব্যস্ত হলে তাকে সংশোধন এবং উন্নয়নের জন্য জয়দেবপুর কোনাবাড়িতে অবস্থিত একটি প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়।

ক. বাংলাদেশে পূর্ণাঙ্গভাবে সমাজসেবামূলক কার্যক্রম শুরু হয় কবে? ১

খ. গ্রামীণ সমাজসেবা ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানকে ইঙ্গিত করা হয়েছে? উক্ত প্রতিষ্ঠানের উদ্দেশ্যগুলো তুলে ধর। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রমের সমাজকর্ম পদ্ধতির প্রয়োগ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭.▶কালু, ভুলু, সুজন ও ঝুলু কমলাপুরের ফুটপাতে বসবাস করে। তাদের বয়স আট থেকে দশ বছরের মধ্যে। কখনো তারা রেলযাত্রীদের ব্যাগ, লাগেজ বহন করে আবার কখনওবা ডাস্টবিন থেকে কাগজ, প্লাস্টিক, বোতল ও কাঁচের জিনিসপত্র কুড়ায়।একদিন ইউসেপে কর্মরত জনাব রফিক তাদের ডেকে তার সংস্থায় নিয়ে গিয়ে বিভিন্ন কর্মসূচিভিত্তিক সেবা প্রদান করেন।

ক. BRAC এর পূর্ণরূপ কী? ১

খ. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণের সংজ্ঞা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিশুরা ইউসেপের কোন কোন কর্মসূচির আওতায় সেবাসুবিধা পেতে পারে? আলোচনা কর। ৩

ঘ. উক্ত কর্মসূচি পরিচালনায় সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগযোগ্য? বিশ্লেষণ কর। ৪

৮.▶জনাব আলম একটি আন্তর্জাতিক সংগঠনে চাকরি করেন। ১৮৬৩ সালে একটি ভয়াবহ যুদ্ধের পরিপ্রেক্ষিতে একজন মহানুভব ব্যক্তি কর্তৃক সুইজারল্যান্ডের জেনেভা শহরে এটি প্রতিষ্ঠিত হয়। মানবতা, পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা, সর্বজনীনতা প্রভৃতি মূলনীতির আলোকে যুদ্ধাহত সৈন্যদের সেবার মহান আদর্শ নিয়ে সংগঠনটি প্রতিষ্ঠিত হলেও বর্তমানে এটি মানবসেবামূলক বিভিন্ন কর্মকাণ্ড পরিচালিত করছে।

ক. UNDP-এর পূর্ণরূপ লিখ। ১

খ. ইউনিসেফের মূল লক্ষ্যটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত সংগঠনের উদ্দেশ্য বর্ণনা কর। ৩

ঘ. উক্ত সংগঠনটি বাংলাদেশে কী ধরনের সেবা কার্যক্রম পরিচালিত করছে তার বিবরণ দাও। ৪

৯.▶ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিষয়ের মাস্টার্স শ্রেণির ছাত্রী ইভাকে ব্যবহারিক প্রশিক্ষণের জন্য কোনাবাড়ীর কিশোর উন্নয়ন ও সংশোধন কেন্দ্রে পাঠানো হয়। সেখানে সে তার অধীন কিশোরীদের যথাযথ সম্মান ও মর্যাদা দিয়ে গ্রহণ করে এবং তাদের সাথে অত্যন্ত ভালো সম্পর্ক স্থাপনে ব্রতী হয়। ইভা কিশোরীদের অবস্তুগত সম্পদ আবিষ্কার করে এবং সেগুলো সদ্ব্যবহারের প্রতি গুরুত্ব দেয়। একসময় কিশোরীরা তার প্রতি আস্থাশীল হয়ে ওঠে।

ক. মাঠকর্ম কত কর্মদিবসে সম্পাদন করতে হয়? ১

খ. মাঠকর্মের ধারণা দাও। ২

গ. ইভার আচরণে মাঠকর্মের কোন কোন নীতিমালার প্রতিফলন দেখা যায়? আলোচনা কর। ৩

ঘ. "ইভার মাঠকর্মের সফলতা আরও কতকগুলো অত্যাবশ্যকীয় নীতিমালা অনুসরণের ওপর নির্ভরশীল"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **Common Human Needs গ্রন্থে মৌল মানবিক চাহিদা হিসাবে কতটির উল্লেখ রয়েছে?**
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি

২. **মানুষের জীবনে মৌলমানবিক চাহিদা প্রয়োজন-**
i. জীবনের অস্তিত্ব রক্ষা ও দৈহিক বিকাশের জন্য
ii. মানসিক ও বুদ্ধিভিত্তিক বিকাশের জন্য
iii. মর্যাদার সাথে সমাজে বাস করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩. **'শিক্ষা' মানুষের কোন চাহিদার অন্তর্ভুক্ত?**
ক) জৈবিক চাহিদা খ) মানসিক চাহিদা
গ) আবেগীয় চাহিদা ঘ) মানবিক চাহিদা

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
স্কুল ছাত্রী কল্পনা বেশকিছু দিন ধরে অসুস্থ। ডাক্তারি পরীক্ষায় জানা গেল যে পরিমাণ ক্যালরী গ্রহণ করার কথা বিগত সময়ে সে তার অর্ধেকও গ্রহণ করতে পারেনি। ফলে তার আজ এ অবস্থা।

৪. **কল্পনা কোন চাহিদা থেকে বঞ্চিত?**
ক) নিরাপত্তা খ) বাসস্থান
গ) খাদ্য ঘ) চিত্তবিনোদন

৫. **উক্ত চাহিদা সঠিকভাবে পূরণ না হওয়ার ফলে কল্পনা-**
i. স্বাস্থ্যহীনতার শিকার হয়েছে
ii. মানসিক রোগীতে পরিণত হয়েছে
iii. পুষ্টিহীনতায় ভুগছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. **আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস কোনটি?**
ক) ১৪ জুন খ) ১৫ জুন
গ) ১৬ জুন ঘ) ১৮ জুন

৭. **এদেশে চিকিৎসা সমাজকর্ম প্রথম পরীক্ষামূলকভাবে চালু হয় কোথায়?**
ক) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে
খ) সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালে
গ) ডা. ইব্রাহিম ডায়াবেটিক হাসপাতালে
ঘ) ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে

৮. **নিচের কোনটি সামাজিক সমস্যা নয়?**
ক) বেকারত্ব খ) মাদকাসক্তি
গ) বাল্যবিবাহ ঘ) ঘূর্ণিঝড়

৯. **সামাজিক সমস্যার অন্যতম বৈশিষ্ট্য কোনটি?**
ক) পরিমাপযোগ্যতা খ) বিনিময়যোগ্যতা
গ) পরিমাণযোগ্যতা ঘ) স্থানান্তরযোগ্যতা

১০. **বর্তমানে সামাজিক সমস্যার হিসেবে প্রকাশিত হলেও পূর্বে প্রচলিত ছিল-**
i. বেকারত্ব ii. বাল্যবিবাহ
iii. বহুবিবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
জীবনের প্রয়োজন পূরণ আর একটু স্বাচ্ছন্দ্যের জন্য গ্রাম ছেড়ে অনেকেই ঢাকা শহরে পাড়ি জমাচ্ছে। পোশাক শিল্পের কাজ করে তারা তাদের জীবনের পরিবর্তন আনার চেষ্টা করছে। কিন্তু ঢাকা শহরের ওপর এ বাড়তি চাপ শহরে নানামুখী সমস্যা তৈরি করছে।

১১. **উদ্দীপকে ঢাকা শহরের সমস্যা সৃষ্টির জন্য কোনটিকে দায়ী করা হয়েছে?**
ক) নগরায়ণ খ) অপরিকল্পিত শিল্পায়ন
গ) রাজনৈতিক অস্থিতিশীলতা
ঘ) মূল্যবোধের দ্বন্দ্ব

১২. **উক্ত বিষয়ের জন্য ঢাকা শহরে যে ধরনের সমস্যা হচ্ছে-**
i. গৃহ ও বস্তি সমস্যা ii. যাতায়াত সমস্যা
iii. পারিবারিক বিশৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. **বাংলাদেশ কীরূপ দেশ?**
ক) অনুন্নত খ) উন্নত
গ) স্বল্পোন্নত ঘ) উন্নয়নশীল

১৪. **'যখন কর্মক্ষম লোক যোগ্যতা অনুসারে প্রচলিত মজুরিতে কাজ করতে চায়, অথচ কাজ পায় না সে অবস্থাকেই বেকারত্ব বলে'- উক্তিটি কার?**
ক) এ সি পিগু খ) এইচ এ ফেল্পস
গ) জি এম থ্যাকারী ঘ) ম্যারি রিচমন্ড

১৫. **বাংলাদেশের বেশির ভাগ নারী নির্যাতনের কারণ কোনটি?**
ক) বাল্যবিবাহ খ) যৌতুকপ্রথা
গ) মাদকাসক্তি ঘ) বহুবিবাহ

১৬. **এইডস প্রতিরোধে করণীয় হলো-**
i. এইডসের ভয়াবহতা তুলে ধরা
ii. পাশ্চাত্য ধাঁচের প্রগতিশীল জীবনাচার
iii. কঠোরভাবে ধর্মীয় অনুশাসন মেনে চলা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭. **মানব সমাজের আদিমতম মৌলিক সামাজিক প্রতিষ্ঠান কোনটি?**
ক) শিক্ষা প্রতিষ্ঠান খ) খেলার মাঠ
গ) ধর্মীয় প্রতিষ্ঠান ঘ) পরিবার

১৮. **'ধর্ম' শব্দটির উৎপত্তি হয়েছে কোনটি থেকে?**
ক) সংস্কৃত 'কৃ' থেকে খ) সংস্কৃত 'ধৃ' থেকে
গ) সংস্কৃত 'ঘৃ' থেকে ঘ) সংস্কৃত 'ধা' থেকে

http://teachingbd.com

১৯. শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানের সামগ্রিক পরিবেশের সাথে খাপ খাওয়াতে সমাজকর্মের কোন শাখা কাজ করে?
ক্লিনিক্যাল সমাজকর্ম
খ বিদ্যালয় সমাজকর্ম
গ মিলিটারী সমাজকর্ম
ঘ সাইকিয়াট্রিক সমাজকর্ম

২০. মানুষের আচরণ নিয়ন্ত্রণে ও শৃঙ্খলাবদ্ধ জীবন যাপনে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করে-
i. বিবাহ ii. পরিবার
iii. রাজনৈতিক সংগঠন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২১. রেডিও, টেলিভিশন সংবাদপত্র, ইন্টারনেট এগুলো নিম্নের কোনটিকে নির্দেশ করে?
ক বৈজ্ঞানিক যন্ত্র খ ইলেক্ট্রনিক যন্ত্র
গ আধুনিক যন্ত্র ঘ গণমাধ্যম

২২. হিন্দু বিবাহ রেজিস্ট্রি আইনটি প্রণীত হয় কত সালে?
ক ১৯৭২ সালে খ ১৯৯২ সালে
গ ২০০২ সালে ঘ ২০১২ সালে

২৩. কোনটি মুসলিম পারিবারিক আইনের অন্তর্ভুক্ত নয়?
ক যৌতুক খ দেনমোহর
গ তালাক ঘ উত্তরাধিকার

২৪. আইনজীবী ছাড়া কোন আদালতের বিচারকার্য পরিচালিত হয়?
ক পারিবারিক আদালত খ নিম্ন আদালত
গ কিশোর আদালত ঘ উচ্চ আদালত

২৫. সমাজে প্রচলিত কুসংস্কার দূরীকরণে প্রণীত আইনসমূহ হচ্ছে-
i. শ্রমিক ক্ষতিপূরণ আইন
ii. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন
iii. যৌতুক প্রথা নিরোধ আইন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৬. কোন কর্মসূচির মাধ্যমে এদেশে সরকারিভাবে প্রথম সমাজ সেবামূলক কার্যক্রম শুরু হয়?
ক গ্রামীণ সমাজসেবা খ শহর সমাজসেবা
গ হাসপাতাল সমাজসেবা ঘ সরকারি এতিমখানা

২৭. Urban community Development Project-এর কার্যক্রম প্রথম ঢাকার কোথায় শুরু হয়?
ক কায়েতটুলি খ গণকটুলি
গ টিকাটুলি ঘ সিক্কাটুলি

২৮. কোন জেলায় কিশোর কিশোরী উন্নয়ন কেন্দ্র অবস্থিত?
ক ঢাকা খ গাজীপুর
গ নারায়ণগঞ্জ ঘ মানিকগঞ্জ

২৯. গ্রামের একজন ভূমিহীন কৃষক কোন কর্মসূচি থেকে সুদমুক্ত ঋণ পেতে পারে?
ক দুর্যোগ ব্যবস্থাপনা
খ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
গ গ্রামীণ সমাজসেবা
ঘ যুব উন্নয়ন পরিষদ

৩০. স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান কয় প্রকারের?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

৩১. গ্রামীণ ব্যাংকের ঋণদান প্রক্রিয়ায় সমাজকর্মের কোন পদ্ধতির অনুসরণ করা হয়?
ক দল সমাজকর্মের খ ব্যক্তি সমাজকর্মের
গ সমষ্টি উন্নয়নের ঘ সমষ্টি সংগঠনের

উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:
বিকেল ৪টা থেকে জয়দেবপুর রেল স্টেশনে জুতা পালিশ এর কাজ করে আর সকালে সালনায় অবস্থিত বিদেশি সহায়তাপুর্ণ একটি প্রতিষ্ঠানে শিক্ষাও প্রশিক্ষণ গ্রহণ করে সুবিধা বঞ্চিত ১১ বছরের মারুফ। শ্রমজীবি শিশুদের এই শিক্ষা কার্যক্রম ভবিষ্যতে তাকে সুনাগরিক হওয়ার স্বপ্ন দেখাচ্ছে।

৩২. মারুফ কোন প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করছে?
ক ইউসেপ খ ইউনিসেফ
গ ব্র্যাক স্কুল ঘ সেভ দ্যা চিলড্রেন

৩৩. উক্ত সংস্থার কার্যক্রমের ফলে বাংলাদেশের শ্রমজীবি শিশুরা লাভ করছে-
i. উচ্চ শিক্ষার আর্থিক সহায়তা
ii. প্রায়োগিক ও বৃত্তিমূলক শিক্ষা
iii. দক্ষ জনশক্তি হিসাবে গড়ে উঠার শিক্ষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩৪. নিচের কোনটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান?
ক গ্রামীণ ব্যাংক খ স্বনির্ভর বাংলাদেশ
গ আশা ঘ ওয়ার্ল্ড ভিশন

৩৫. রেডক্রস সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
ক এল এলান চেইনি খ এলজিাবেথ টেইলর
গ হেনরি ডুনান্ট ঘ ব্যাডেন পাওয়েল

৩৬. ইউনিসেফের মূল লক্ষ্যদল কারা?
ক উন্নত বিশ্বের শিশুরা
খ বিশ্বের অনুন্নত ও উন্নয়নশীল দেশের শিশুরা
গ এশিয়া মহাদেশের দরিদ্র দেশগুলোর শিশুরা
ঘ আফ্রিকা মহাদেশের অবহেলিত শিশুরা

৩৭. ইউএনডিপি এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক নিউইয়র্ক খ জেনেভা
গ লন্ডন ঘ রোম

৩৮. Field Work Manual- এর লেখক কে?
ক Nurul Islam খ M A Momen
গ A. Hakim Sarkar ঘ Abdus Samad

৩৯. একজন দক্ষ সমাজকর্মী গড়ে উঠতে পারে-
i. নিজস্ব সমস্যা সমাধানের মাধ্যমে
ii. ব্যক্তির সমস্যা সমাধানের মাধ্যমে
iii. দল ও সমষ্টির সমস্যা সমাধানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৪০. কোন বিপ্লবের ফলে দুর্ঘটনা বৃদ্ধি পাওয়ায় বিমা, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি নিরাপত্তামূলক ব্যবস্থা গড়ে উঠেছে?
ক রুশ বিপ্লব খ ফরাসি বিপ্লব
গ শিল্প বিপ্লব ঘ সবুজ বিপ্লব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | গ |

teachingbd.com

http://teachingbd.com